



**ASSET
Skills
Competition
2023
KHULNA**

REGIONAL SKILLS COMPETITION

1 February 2024



সার্বিক তত্ত্বাবধান

আবু মমতাজ সাদ উদ্দিন আহমেদ, প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), ASSET প্রকল্প
প্রকৌশলী অনিমেশ পাল, অধ্যক্ষ, খুলনা পলিটেকনিক ইন্সটিটিউট
প্রকৌশলী মোঃ রাকিবুল হাসান, উপপ্রকল্প পরিচালক, ASSET প্রকল্প

সম্পাদনা

মোঃ আব্দুর রহিম, অতিরিক্ত প্রকল্প পরিচালক (উপসচিব), ASSET প্রকল্প
জাহাঙ্গীর আলম, উপপ্রকল্প পরিচালক, ASSET প্রকল্প
প্রকৌঃ রবীন্দ্রনাথ মাহাত, প্রোগ্রামার, ASSET প্রকল্প
ড. জহির বিশ্বাস, কমিউনিকেশন স্পেশালিস্ট, ASSET প্রকল্প

সংকলন

প্রকৌঃ রবীন্দ্রনাথ মাহাত, প্রোগ্রামার, ASSET প্রকল্প
সাইদুল ইসলাম, সংযুক্ত কর্মচারী, ASSET প্রকল্প

প্রচ্ছদ ও অঙ্গসজ্জা

প্রকৌঃ রবীন্দ্রনাথ মাহাত, প্রোগ্রামার, ASSET প্রকল্প

মুদ্রণ

সেমস লিমিটেড

রুপায়ন মিলেনিয়াম স্কয়ার (৫ম তলা), চ ৭০, বীর উত্তম
রফিকুল ইসলাম এভিনিউ (উত্তর বাড্ডা), ঢাকা ১২১২

সূচিপত্র

১.	বাণী-সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়	০৪
২.	বাণী-মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর	০৫
৩.	বাণী-প্রকল্প পরিচালক, ASSET প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর	০৬
৪.	বাণী-চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড	০৭
৫.	বাণী- টিটিএল/কোটিটিএল (ASSET প্রকল্প), বিশ্বব্যাংক	০৮
৬.	সম্পাদকীয়-অতিরিক্ত প্রকল্প পরিচালক, ASSET প্রকল্প,	০৯
৭.	এক নজরে ASSET প্রকল্প- প্রকল্প পরিচালক, ASSET প্রকল্প	১০
৮.	ফিল্ডস কম্পিউটার ইতিবৃত্ত-প্রোগ্রামার, ASSET প্রকল্প	১৮
৯.	বাড়িতে বিদ্যুৎ সরবরাহের সংকট ও সমাধান, বাগেরহাট সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ	১৯
১০.	সোলার প্যানেল দিয়ে এসি ২২০ ভোল্টেজ তৈরি করা, বাগেরহাট সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ	১৯
১১.	বৃষ্টির অ্যালার্ম, বাগেরহাট সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ	২০
১২.	মিনি ওয়াটার পাওয়ার, হোসেনাবাদ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ	২০
১৩.	মিনি উইন্ডমিল সার্কিট, হোসেনাবাদ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ	২১
১৪.	হোসেনাবাদ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ	২১
১৫.	পাওয়ার অ্যাকুয়া ফ্লো, ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি, বাগেরহাট	২২
১৬.	স্মার্ট বাংলাদেশ স্মার্ট সিটি, ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি, বাগেরহাট	২২
১৭.	ওয়াটার এলার্ম সিস্টেম, ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি, বাগেরহাট	২৩
১৮.	ইন্টারনেট দ্বারা পরিচালিত আধুনিক কারখানা, যশোর পলিটেকনিক ইনস্টিটিউট	২৩
১৯.	আইওটি হোম এপ্রাইয়েন্সেস অ্যান্ড অটোমেশন, যশোর পলিটেকনিক ইনস্টিটিউট	২৪
২০.	শক্তি সঞ্চয়, যশোর পলিটেকনিক ইনস্টিটিউট	২৪
২১.	ইলেকট্রিসিটি বিল ক্যালকুলেটর, যশোর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, যশোর	২৫
২২.	জমি মাপার ক্যালকুলেটর, যশোর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, যশোর	২৫
২৩.	স্মার্ট সিটি, যশোর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, যশোর	২৬
২৪.	স্মার্ট সিটি, বিনাইদহ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, বিনাইদহ	২৬
২৫.	দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য স্মার্ট সিটক, বিনাইদহ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ	২৭
২৬.	ওয়্যারলেস ইলেকট্রিসিটি ট্রান্সমিশন সিস্টেম, বিনাইদহ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, বিনাইদহ	২৭
২৭.	এগ্রো ড্রোন, বিনাইদহ পলিটেকনিক ইনস্টিটিউট	২৮
২৮.	ই, ভোটিং, বিনাইদহ পলিটেকনিক ইনস্টিটিউট	২৮
২৯.	স্মার্ট হোম, বিনাইদহ পলিটেকনিক ইনস্টিটিউট	২৯
৩০.	স্বয়ংক্রিয়ভাবে গাড়ি দুর্ঘটনা প্রতিরোধ করা, খুলনা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট	২৯
৩১.	স্মার্ট সিটি, খুলনা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট	৩০
৩২.	স্মার্ট এসটার এন্ড উইন্ডো ইলেকট্রিসিটি সেভিং সিস্টেম, খুলনা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট	৩০
৩৩.	অটোমেটিক টোল কালেকশন সিস্টেম, খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট	৩১
৩৪.	আইস এন্ড ভয়েস কন্ট্রোল কন্সপিউটার, খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট	৩১
৩৫.	ফরোয়ার্ড এন্ড রিভার্স মটোর কন্ট্রোল সিস্টেম, খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট	৩২
৩৬.	ইলেকট্রনিক স্মার্ট ডাস্টবিন, কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউট	৩২
৩৭.	ইন্ডাস্ট্রি গার্ডিয়ান, কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউট	৩৩
৩৮.	স্মার্ট সোলার ভেহিক্যালস টেকনোলজি, কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউট	৩৩
৩৯.	স্মার্ট একুরিয়াম, কুষ্টিয়া সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ	৩৪
৪০.	স্মার্ট সিটি মডেল, কুষ্টিয়া সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, কুষ্টিয়া	৩৪
৪১.	স্মার্ট ডাস্টবিন (বুদ্ধিমান বর্জ্য ব্যবস্থাপনা সমাধান), কুষ্টিয়া সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, কুষ্টিয়া	৩৫
৪২.	আর্দ্রতা নিয়ন্ত্রণ করে গ্রীষ্মকালে মাশরুম চাষ, মাগুরা পলিটেকনিক ইনস্টিটিউট মাগুরা	৩৫
৪৩.	স্মার্ট সিটি প্রজেক্ট, মাগুরা পলিটেকনিক ইনস্টিটিউট	৩৬
৪৪.	বৈদ্যুতিক যন্ত্রপাতির স্মার্ট নিয়ন্ত্রণ পদ্ধতি, মাগুরা পলিটেকনিক ইনস্টিটিউট	৩৬
৪৫.	ব্যাংক সিকিউরিটি সিস্টেম, মাগুরা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ	৩৭
৪৬.	ডিজিটাল ভিডিও ডিসপ্লে, মাগুরা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ	৩৭
৪৭.	মিনি রেফ্রিজারেটর, মাগুরা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, মাগুরা।	৩৮
৪৮.	অটো হ্যান্ড স্যানিটাইজার, নড়াইল টেকনিক্যাল স্কুল ও কলেজ	৩৮
৪৯.	অন্ধ ব্যক্তির পথ নির্দেশক, নড়াইল সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, নড়াইল	৩৯
৫০.	টেসলা কয়েল, নড়াইল টেকনিক্যাল স্কুল ও কলেজ	৩৯
৫১.	এয়ার, কন্ডিশনিং উইদাউট কম্প্রেশর, সাতক্ষীরা পলিটেকনিক ইনস্টিটিউট	৪০
৫২.	ড্রাইভিং লাইসেন্স হান্ডার, সাতক্ষীরা পলিটেকনিক ইনস্টিটিউট	৪০
৫৩.	আই মাউস, সাতক্ষীরা পলিটেকনিক ইনস্টিটিউট	৪১
৫৪.	সম্মিলিত এগ্রো ফার্ম সৌর শক্তি ব্যবহার করে মাছের উৎপাদন বৃদ্ধি করা, মুরগীর উৎপাদন বাড়ানো, সাতক্ষীরা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, সাতক্ষীরা।	৪১
৫৫.	বৃষ্টির অ্যালার্ম, সাতক্ষীরা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, সাতক্ষীরা।	৪২
৫৬.	রেফ্রিজারেটর কাম এয়ার, কন্ডিশনার, সাতক্ষীরা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, সাতক্ষীরা।	৪২



বাণী

সচিব

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের তত্ত্বাবধানে বাস্তবায়নায়ী অ্যাকসেলারেটিং অ্যান্ড স্ট্রেন্‌দেনিং স্কিলস ফর ইকনমিক ট্রান্সফরমেশন (ASSET) প্রকল্পের উদ্যোগে আয়োজিত “স্কিলস ও ইনোভেশন কম্পিটিশন ২০২৩” এর আঞ্চলিক প্রতিযোগিতা ১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে খুলনায় অনুষ্ঠিত হচ্ছে জেনে আমি আনন্দিত।

দেশকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করতে হলে ভবিষ্যৎ প্রজন্মকে কর্মমুখী জ্ঞান ও প্রযুক্তিতে দক্ষ করে গড়ে তোলার বিকল্প নেই। কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণের গুণগত মানোন্নয়ন ও সম্প্রসারণের মাধ্যমে ASSET প্রকল্প গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ২০৪১ সালের মধ্যে দেশকে একটি উন্নত ও সমৃদ্ধ দেশে পরিণত করতে সরকার যে ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে তা বাস্তবায়নে সকলকে নিরন্তর প্রচেষ্টা চালাতে হবে।

২০৩০ সালে বাংলাদেশে জনসংখ্যাগত নির্ভরশীলতার অনুপাত হবে সর্বনিম্ন। কর্মক্ষম জনগোষ্ঠী হিসেবে আমরা পাবো মোট জনসংখ্যার দুই-তৃতীয়াংশ সম্ভাবনাময় মানুষ। এই সুযোগটি কাজে লাগাতে বিপুল যুবগোষ্ঠীকে কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণের আওতায় আনতে হবে। তারাই হবে সমৃদ্ধ বাংলাদেশ গড়ার মূল কারিগর।

ASSET প্রকল্প সে লক্ষ্য অর্জনে নানামুখী কার্যক্রমের পাশাপাশি স্কিলস কম্পিটিশনের আয়োজন করায় আমি তাঁদেরকে সাধুবাদ জানাই। আমি আশা করি এ প্রতিযোগিতার মাধ্যমে কারিগরি ক্ষেত্রের ছাত্র-ছাত্রীদের মেধা, দক্ষতা ও উদ্ভাবনী শক্তির বিকাশ ঘটবে এবং তারা জাতীয় উন্নয়নে ভূমিকা রাখতে সক্ষম হবে।

আমি খুলনার আঞ্চলিক স্কিলস ও ইনোভেশন কম্পিটিশন ২০২৩ এর সার্বিক সাফল্য কামনা করি।

ড. ফরিদ উদ্দিন আহমদ



বাণী

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় শিক্ষা মন্ত্রণালয়ের অধীন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নিয়ন্ত্রণাধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের তত্ত্বাবধানে বাস্তবায়নাধীন অ্যাকসেলারেটিং অ্যান্ড স্টেটমেন্টেইং স্কিলস ফর ইকনমিক ট্রান্সফরমেশন (ASSET) প্রকল্প কর্তৃক নির্বাচিত ১২০টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণে দেশব্যাপী স্কিলস ও ইনোভেশন কম্পিটিশন অনুষ্ঠিত হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত।

২০২৩ সালের ১৭ জুনে একযোগে প্রথমবারের মত প্রকল্পের আওতায় ১২০টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে প্রাতিষ্ঠানিক পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়, যা কারিগরি অঙ্গনে শিক্ষার্থীদের মেধা, দক্ষতা ও উদ্ভাবনী ক্ষেত্রে এক নতুন মাত্রা যুক্ত করে। প্রতিযোগিতার অংশ হিসেবে আঞ্চলিক পর্যায়ের প্রতিযোগিতা চলমান রয়েছে। কারিগরি অঙ্গনের শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকসহ সর্বস্তরের জনসাধারণের মাঝে এ আয়োজন ইতোমধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা সৃষ্টি করেছে।

বাংলাদেশ একটি জনবহুল দেশ। এ দেশের রয়েছে বিপুল সম্ভাবনাময় কর্মক্ষম জনগোষ্ঠী। এই জনগোষ্ঠীকে সত্যিকার জ্ঞান ও দক্ষতায় সমৃদ্ধ করে গড়ে তুলতে হলে কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণের কোন বিকল্প নেই। কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষাকে দেশের তৃণমূল পর্যায়ে জনপ্রিয় করে গড়ে তোলার লক্ষ্যে সরকারের সার্বিক সহযোগিতা ও পৃষ্ঠপোষকতায় কারিগরি শিক্ষা অধিদপ্তর বিভিন্নমুখী পদক্ষেপ হাতে নিয়েছে এবং নিরলসভাবে কাজ করে যাচ্ছে। ASSET প্রকল্পের মাধ্যমে “স্কিলস কম্পিটিশন ২০২৩” এর আয়োজন তেমনই একটি কার্যকর পদক্ষেপ। এ ধরনের প্রতিযোগিতার আয়োজন কারিগরি শিক্ষাক্ষেত্রে সৃজনশীলতাকে আরো গতিশীল করবে। আর দক্ষতা অর্জনে করবে সহায়তা। ফলশ্রুতিতে রূপকল্প-২০২১ এর সফল বাস্তবায়নের পথ ধরেই মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ২০৪১ সাল নাগাদ বিশ্বজনীন প্রেক্ষাপটে বাংলাদেশ একটি উন্নত দেশের মর্যাদায় অভিষিক্ত হবে বলে আমার দৃঢ় বিশ্বাস।

আমি খুলনার আঞ্চলিক স্কিলস ও ইনোভেশন কম্পিটিশন ২০২৩ আয়োজনের সর্বসঙ্গীণ সাফল্য কামনা করছি এবং এর সাথে সংশ্লিষ্ট সকলকে সাধুবাদ জানাই।

এ, ওয়াই, এম, জিয়াউদ্দীন আল-মামুন



প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

অ্যাকসেলারেটিং অ্যান্ড স্ট্রেনদেনিং স্কিলস
ফর ইকনমিক ট্রান্সফরমেশন (ASSET) প্রকল্প
কারিগরি শিক্ষা অধিদপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

বাণী

একটি দেশের জনগণকে মানসম্মত আধুনিক শিক্ষা ও প্রযুক্তি গ্রহণ এবং ব্যবহারে উদ্বুদ্ধ করার মধ্য দিয়েই সেদেশের আর্থ-সামাজিক উন্নয়ন ঘটে। এ লক্ষ্য পূরণে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতায় ২০২১ সাল থেকে বাংলাদেশে বাস্তবায়িত হচ্ছে অ্যাকসেলারেটিং অ্যান্ড স্ট্রেনদেনিং স্কিলস ফর ইকনমিক ট্রান্সফরমেশন (ASSET) প্রকল্প। ASSET প্রকল্প কারিগরি শিক্ষার্থীদের মেধা ও উদ্ভাবনী শক্তির বিকাশের লক্ষ্যে ২০২৩ সাল থেকে 'স্কিলস ও ইনোভেশন কম্পিটিশন'।

স্কিলস কম্পিটিশনের মূল লক্ষ্য ও উদ্দেশ্য হল, কারিগরি শিক্ষার্থীদের উদ্ভাবিত বিভিন্ন উদ্ভাবন দেশের খ্যাতিনামা শিল্পকারখানার মালিক, বিভিন্ন ব্যবসায়ী সংগঠনের নেতৃবৃন্দ, ভেঞ্চর গ্রুপের সদস্য, মেধাযত্ন সংরক্ষণ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ও কারিগরি শিক্ষা পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তাগণের সামনে উপস্থাপনের মধ্য দিয়ে উদ্ভাবনগুলোর বাণিজ্যিক উৎপাদন ও বাজারজাতকরণের পথ প্রশস্ত করা।

এই প্রয়াসকে আরও বেশি কার্যকর, গতিশীল ও ফলপ্রসূ করার নিমিত্ত এই আঞ্চলিক পর্যায়ের প্রতিযোগিতাটি বিভিন্ন অঞ্চলে অংশীজনের অংশগ্রহণে প্রকল্পের সরাসরি আওতায় আয়োজন করা হচ্ছে। পাশাপাশি আয়োজন করা হচ্ছে একটি বর্ণাঢ্য র্যালি ও একটি সেমিনার। এতে দেশের বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গ উপস্থিত থেকে সমাজ ও সময়ের উপযোগী উদ্ভাবনগুলোকে বাজারজাতকরণ তথা বাস্তব জীবনে ব্যবহারের উপযোগী করার উদ্যোগ গ্রহণ করবেন বলে আমার বিশ্বাস। এই উদ্যোগের ফলে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের মধ্যে আন্তঃমন্ত্রণালয় সম্পর্ক স্থাপিত হবে ও বিভিন্ন মন্ত্রণালয় তাদের প্রয়োজন অনুযায়ী স্থানীয়ভাবে প্রকল্পগুলো কাজে লাগানোর উদ্যোগ গ্রহণ করবে বলেও আমার বিশ্বাস। এ আয়োজনটি সাফল্যের সাথে সম্পন্ন করতে পেরে আমরা খুবই আনন্দিত।

খুলনার আঞ্চলিক স্কিলস ও ইনোভেশন কম্পিটিশন ২০২৩ উপলক্ষ্যে প্রকল্প দপ্তর একটি সুভোনির প্রকাশ করেছে যার মাধ্যমে উল্লিখিত সেরা প্রকল্পগুলো সম্পর্কে সংক্ষিপ্ত একটা ধারণা প্রদানের চেষ্টা করা হয়েছে। আশাকরি পুস্তিকাটি ভেঞ্চর গ্রুপের সদস্য, মেধাযত্ন সংরক্ষণ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গসহ সকল দর্শনার্থীর সহানুভূতি অর্জনে সক্ষম হবে।

আমি খুলনার আঞ্চলিক স্কিলস ও ইনোভেশন কম্পিটিশন ২০২৩ ও পরবর্তীতে অনুষ্ঠিত অন্যান্য আঞ্চলিক পর্ব এবং জাতীয় পর্বের প্রতিযোগিতার সার্বিক সাফল্য কামনা করছি। এ কার্যক্রমের সাথে, বিশেষ করে পুস্তিকাটি প্রকাশনায় জড়িত শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।

আবু মমতাজ সাদ উদ্দিন আহমেদ



বাণী

চেয়ারম্যান

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়


আমি জেনে অত্যন্ত আনন্দিত যে, শিক্ষা মন্ত্রণালয়ের অধীন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নিয়ন্ত্রণাধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাব্যয়িত অ্যাকসেলারেটিং অ্যান্ড স্ট্রেন্গেনিং স্কিলস ফর ইকনমিক ট্রান্সফরমেশন (ASSET) কর্তৃক নির্বাচিত ১২০টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণে দেশে প্রথম বারের মত স্কিলস ও ইনোভেশন কম্পিটিশন ২০২৩ অনুষ্ঠিত হতে যাচ্ছে।

আমি মনে করি, দেশের টেকসই অর্থনৈতিক উন্নয়নের জন্য কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের গুরুত্ব অপরিসীম। দক্ষ ও কর্মক্ষম জনগোষ্ঠী তৈরির লক্ষ্যে এবং কারিগরি শিক্ষাকে এ দেশের মানুষের মাঝে বিশেষ করে ছাত্র-ছাত্রী, তরুণ ও যুব সমাজের কাছে জনপ্রিয় করে গড়ে তোলার জন্য “স্কিলস ও ইনোভেশন কম্পিটিশন” এর মত সৃজনশীল প্রতিযোগিতা আয়োজন নিঃসন্দেহে একটি প্রশংসনীয় উদ্যোগ। এ ধরনের প্রতিযোগিতা আয়োজনের মধ্য দিয়ে কারিগরি শিক্ষার ব্যাপক প্রচার-প্রসার ঘটছে এবং দক্ষ ও কর্মক্ষম জনগোষ্ঠী গড়ে উঠছে, যা আমাদের দেশকে ২০৪১ সালের পূর্বেই উন্নত দেশে পরিণত করবে বলে আমি মনে করি।

স্কিলস কম্পিটিশন আয়োজনে দেশের স্বনামধন্য ব্যবসায়ী ও শিল্পকারখানার মালিকগণকে আমন্ত্রণ করে তাঁদের সামনে বিগত সেরা উদ্ভাবনগুলো উপস্থাপন করলে এই আয়োজনে একটি ভিন্ন মাত্রা যোগ হবে বলে আমার মনে হয়। আমি বিশ্বাস করি, এই আয়োজনের মাধ্যমে দেশের স্বনামধন্য ব্যবসায়ী ও শিল্প-কারখানার মালিকগণও আমাদের কোমলমতি ছাত্র-ছাত্রীদের এই উদ্ভাবনগুলো দেখার ও সেগুলো বাণিজ্যিকীকরণের বিষয়ে এগিয়ে আসবেন।

আমি খুলনার আঞ্চলিক স্কিলস ও ইনোভেশন কম্পিটিশন ২০২৩ এর আয়োজক এবং অংশগ্রহণকারীদেরকে সাধুবাদ জানাই এবং এর সার্বিক সাফল্য কামনা করি।

মোঃ আলী আকবর খান



World Bank Task Team Leader (TTL) and Co-TTL, ASSET Project Message

We are delighted to extend our warmest congratulations to the Government of Bangladesh, Ministry of Education, Technical and Madrasah Education Division, Directorate of Technical Education, and the Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) Project for organizing the Regional Skills and Innovation Competition 2023 in the Khulna Region on February 1, 2024.

A proficient and skilled workforce is a cornerstone for fostering economic and social development in any nation. The Government of Bangladesh has shown strong commitment toward the advancement of Technical and Vocational Education and Training (TVET) through establishment of a conducive environment for quality training and skills development with the ASSET Project. The Skills and Innovation Competition, engaging thousands of technical students from 120 institutes nationwide, stands as the largest competition in the TVET sector, marking a significant stride in its enhancement.

We firmly believe that this competition serves as a vital platform for showcasing the skills and talents of TVET students and faculty, fostering innovation, and promoting awareness to popularize TVET across the country. The tremendous enthusiasm witnessed among technical students, educators, parents, industry professionals, civil society, and the public is truly commendable. We are particularly pleased that the ASSET Project is supporting this important regional skills competition.

It has been an honor for us to collaborate with the Government and the TVET community of Bangladesh in supporting the implementation of the ASSET Project. We extend our heartfelt congratulations to the Government in organizing this competition and wish the event a resounding success.

Tashmina Rahman
Senior Education Specialist (Co-TTL)

Sabah Moyeen
Senior Social Development Specialist

Yoko Nagashima
Senior Education Specialist

সম্পাদকীয়

একবিংশ শতাব্দীতে পৃথিবীর জনশক্তি, তাদের জ্ঞান-দক্ষতা এবং পুঁজিবাজার অর্থনীতির শ্রমবাজারে এক গভীর মিথস্ক্রিয়া চলছে। বর্তমান সরকার দেশ ও দেশের বৃহত্তর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে বৈশ্বিক এই পরিবর্তনের সাথে খাপ খাওয়াতে অর্থাৎ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের পরিকল্পনা Sustainable Development Goal (SDG) বাস্তবায়নে সক্রিয়ভাবে কাজ করছে। তারই ধারাবাহিকতায় স্মার্ট বাংলাদেশ, ভিশন ২০৪১, শতবর্ষীয় উন্নয়নের ডেল্টা পরিকল্পনা (Delta Plan) সহ বিভিন্ন যুগান্তকারী ও বৈপ্লবিক পরিবর্তনের এক কর্মমুখরতার মহাযজ্ঞে নিয়োজিত ও নিবেদিত সরকারি, বেসরকারি নানা স্তরের নানা শ্রেণী পেশার মানুষ। একবিংশ শতাব্দীর ৪র্থ শিল্প বিপ্লবের মূল প্রতিপাদ্য বিষয় হলো- কম্পিউটার প্রযুক্তির সম্প্রসারণের মাধ্যমে উৎপাদন ব্যবস্থায় নেটওয়ার্ক ব্যবহার এবং ৫ম শিল্প বিপ্লবের চমক কৃত্রিম বুদ্ধিমত্তার (Ai) ব্যবহার। জনশক্তির দক্ষতা বিষয়ক কারিকুলাম, প্যাডাগজি ও শিখন প্রক্রিয়া সমগ্র বাংলাদেশকে সোনার বাংলা ও স্মার্ট বাংলাদেশ এর বাস্তব সম্মত রূপকল্প তার প্রয়োগিকতা ও নতুন সমাজ বিনির্মাণে নতুন দক্ষতা ও নতুন কর্মসংস্থানের এক সোনার সিংহদ্বার উন্মোচন করেছে। নব প্রভাতের প্রত্যয়ে এখন সময় শুধুই এগিয়ে যাবার।

এ স্মারনিকা গ্রন্থের মূল প্রতিপাদ্য হচ্ছে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের তত্ত্বাবধানে চলমান Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) প্রকল্পের উদ্যোগে আয়োজিত “স্কিলস ও ইনোভেশন কম্পিটিশন ২০২৩” এর আঞ্চলিক প্রতিযোগিতা, খুলনা ১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. অনুষ্ঠিত হয়। সারাদিনব্যাপী এই আয়োজনে রয়েছে নানাবিধ অনুষ্ঠান পর্ব। যেমন: সহস্র শিক্ষার্থীর স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে বর্ণাঢ্য র্যালী, কারিগরি শিক্ষার গুরুত্ব বিষয়ক অংশগ্রহণ মূলক (Interactive) সেমিনার, আলোচনা এবং খুলনা অঞ্চলের প্রায় ৪৮টি প্রকল্প, প্রকল্পের অংশগ্রহণের মাধ্যমে শিক্ষার্থীদের দক্ষতা ও উন্নয়ন বিষয়ে প্রতিযোগিতা।

ASSET প্রজেক্ট কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণের গুণগত মানোন্নয়ন ও সম্প্রসারণের মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মকে কর্মমুখী জ্ঞান ও প্রযুক্তিতে দক্ষ করে গড়ে তোলার জন্য দেশকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করতে কাজ করছে। ASSET প্রকল্প নানামুখী কার্যক্রমের পাশাপাশি স্কিলস কম্পিটিশনের মাধ্যমে কারিগরি ক্ষেত্রের ছাত্র-ছাত্রীদের মেধা, দক্ষতা ও উদ্ভাবনী শক্তির বিকাশ ঘটবে এবং তারা জাতীয় উন্নয়নে ভূমিকা রাখতে সক্ষম হবে।

দেশকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করতে হলে ভবিষ্যৎ প্রজন্মকে কর্মমুখী জ্ঞান ও প্রযুক্তিতে দক্ষ করে গড়ে তোলার বিকল্প নেই। কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণের গুণগত মানোন্নয়ন ও সম্প্রসারণের মাধ্যমে ASSET প্রকল্প গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ২০৪১ সালের মধ্যে দেশকে একটি উন্নত ও সমৃদ্ধ দেশে পরিণত করতে সরকার যে ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে তা বাস্তবায়নে এই প্রকল্পের সকল উদ্যোগ এখন সক্রিয় ও চলমান।

ASSET প্রকল্প সে লক্ষ্য অর্জনে নানামুখী কার্যক্রমের পাশাপাশি স্কিলস কম্পিটিশনের আয়োজন এর মাধ্যমে কারিগরি ক্ষেত্রের ছাত্র-ছাত্রীদের মেধা, দক্ষতা ও উদ্ভাবনী শক্তির বিকাশ ঘটবে এবং তারা জাতীয় উন্নয়নে ভূমিকা রাখবে। খুলনার আঞ্চলিক স্কিলস ও ইনোভেশন কম্পিটিশন ২০২৩ এর এই স্মারক গ্রন্থ ASSET প্রজেক্টের কর্মতৎপরতা ও টিম ওয়ার্কের একটি উজ্জ্বল অভিজ্ঞান।



মোঃ আব্দুর রহিম
অতিরিক্ত প্রকল্প পরিচালক (উপসচিব)
ASSET প্রকল্প

এক নজরে

অ্যাকসেলারেটিং অ্যান্ড স্ট্রেনদেনিং স্কিলস ফর ইকনমিক ট্রান্সফরমেশন (ASSET) প্রকল্প

- আবু মমতাজ সাদ উদ্দিন আহমেদ

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতায় কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন অ্যাকসেলারেটিং অ্যান্ড স্ট্রেনদেনিং স্কিলস ফর ইকনমিক ট্রান্সফরমেশন (ASSET) প্রকল্পের কার্যক্রম জুলাই, ২০২১ খ্রি. হতে ডিসেম্বর, ২০২৬ খ্রি. মেয়াদে চলমান। প্রকল্পটির মূল লক্ষ্য হচ্ছে দেশের ও আন্তর্জাতিক শ্রম বাজারের চাহিদার সাথে সামঞ্জস্য রেখে দেশের যুব, শ্রমিক, নারী, প্রতিবন্ধী, অনগ্রসর ও সুবিধাবঞ্চিত ব্যক্তিদের জন্য দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দেশের বেকারত্ব হ্রাস করে অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করা। বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের যৌথ অর্থায়নে প্রকল্পের মোট বরাদ্দ প্রায় ৪,৩০০.০০ কোটি টাকা (জিওবি: প্রায় ১,৭২০.০০ কোটি টাকা এবং বিশ্বব্যাংক: প্রায় ২,৫৮০.০০ কোটি টাকা)।

উদ্দেশ্য

ASSET প্রকল্প দেশের অর্থনীতিকে সচলের জন্য অগ্রাধিকার খাতগুলোর আধুনিকীকরণ ত্বরান্বিত করে ভবিষ্যৎ কর্মক্ষেত্রে নারী ও সুবিধাবঞ্চিত গোষ্ঠীর অংশগ্রহণ নিশ্চিতকরণের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে তিনটি ক্রস-কাটিং পরিবর্তন বাস্তবায়ন করছে, যা হলো: ফিট-লিফট-শিফট।

প্রকল্পের লক্ষ্য

- ক. শ্রমবাজারের চাহিদার সাথে সামঞ্জস্য রেখে, ভবিষ্যৎ কর্মের প্রযুক্তির ব্যবহারের দক্ষতা যুবসমাজের জন্য নিশ্চিত করা;
- খ. দক্ষতার ইকো-সিস্টেমকে সংবেদনশীল, তৎপর এবং চাহিদানুরূপ করার জন্য প্রয়োজনীয় পরিবর্তন এবং উন্নয়ন সাধন; এবং
- গ. শ্রমবাজারে নারী ও সুবিধাবঞ্চিতদের অবদানের হার বৃদ্ধি করা।

প্রকল্পের কম্পোনেন্ট

মোট কম্পোনেন্ট ৪টি। উপ-কম্পোনেন্ট মোট ৮টি।

কম্পোনেন্ট ১

প্রাতিষ্ঠানিক দক্ষতা উন্নয়ন কার্যক্রম পরিবর্তন/পরিবর্তনের মাধ্যমে ভবিষ্যৎ কর্মে অন্তর্ভুক্তি এবং স্থিতির নিশ্চিতকরণ (Transforming Formal Skills Development for Future of Work, Inclusiveness, and Resilience)

- উপ-কম্পোনেন্ট ১.১ : প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিমূলক অনুদান (Strengthening market-linkage and employability of diploma courses for priority sectors)
- উপ-কম্পোনেন্ট ১.২ : অগ্রাধিকারভুক্ত খাতসমূহে বাজার-চাহিদা অনুযায়ী স্বল্পমেয়াদি প্রশিক্ষণ কার্যক্রম (Expanding market-demanded and inclusive formal short-courses for priority sectors)
- উপ-কম্পোনেন্ট ১.৩ : আন্তর্জাতিক মানের মডেল পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন (Establishing an international standard model polytechnic institute)
- উপ-কম্পোনেন্ট ১.৪ : TVET সেক্টরে স্থিতি তৈরি করতে COVID-19 এর বিপরীতে করণীয় কার্যক্রম (COVID-19 response actions to build resilience in the TVET Sector)

কম্পোনেন্ট ২

কর্মসংস্থান ও ক্ষমতায়নের জন্য উদ্ভাবনীমূলক দক্ষতা উন্নয়ন কর্মসূচি (Innovative Skills Development Programs for Employment and Empowerment)

- উপ-কম্পোনেন্ট ২.১ : এন্টারপ্রাইজভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম (Expanding Enterprise-based Training for Competitiveness and Inclusiveness)
- উপ-কম্পোনেন্ট ২.২ : পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি ও সনদায়ন কার্যক্রম (Recognizing the skills of informal sector workers)

কম্পোনেন্ট ৩

সক্ষমতা বর্ধন, প্রকল্প ব্যবস্থাপনা, সামাজিক বিপণন এবং পর্যবেক্ষণ ও মূল্যায়ন (Capacity Development, Project Management, Social Marketing and Monitoring & Evaluation)

উপ-কম্পোনেন্ট ৩.১ : দক্ষতা উন্নয়ন ব্যবস্থাপনার আওতায় কেন্দ্রীয় সরকারি সংস্থাগুলির প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি (Enhancing the institutional capacity of central government agencies of the skills development system)

উপ-কম্পোনেন্ট ৩.২: প্রকল্প ব্যবস্থাপনা, সামাজিক বিপণন, পর্যবেক্ষণ ও মূল্যায়ন (Project management, social marketing, M&E)

কম্পোনেন্ট ৪

তাৎক্ষণিক জরুরি কর্মসম্পাদন (Contingent Emergency Response Component)

কার্যক্রমের বিবরণ

উপ-কম্পোনেন্ট ১.১: প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিমূলক অনুদান (Strengthening market-linkage and employability of diploma courses for priority sectors)

এই উপ-কম্পোনেন্টের আওতায় দেশের সরকারি-বেসরকারি ২২০টি কারিগরি শিক্ষা ও স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধির জন্য যথাক্রমে সর্বোচ্চ ৬ কোটি ও ৪ কোটি টাকার সরকারি অনুদান বা Institutional Development Grant (IDG) প্রদান করা হবে। এ অর্থ প্রতিষ্ঠানের ল্যাবের যন্ত্রপাতি আধুনিকায়নে, শিক্ষক-কর্মকর্তাগণের সক্ষমতা বৃদ্ধিতে দেশে-বিদেশে প্রশিক্ষণ, বাস্তব জ্ঞান অর্জনের জন্য শিল্প প্রতিষ্ঠানে সংযুক্তি, শিক্ষার্থীদের জন্য শিল্প প্রতিষ্ঠান পরিদর্শন, শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করতে প্রতিষ্ঠিত ব্যক্তিগণকে অতিথি বক্তা হিসেবে আমন্ত্রণ, চাকুরি মেলা আয়োজন, কারিগরি শিক্ষায় ভর্তি হার বৃদ্ধির জন্য অভিভাবক ও অংশীজনসহ বিভিন্ন সচেতনতামূলক সেমিনার আয়োজন করা হবে।

প্রতিষ্ঠান বন্টন সারণি-১

ডিপ্লোমা প্রতিষ্ঠানের প্রকার	সম্পর্কিত মন্ত্রণালয়	প্রতিষ্ঠানের সংখ্যা (সম্ভাব্য)		
		সরকারি	বেসরকারি	মোট
মনো/পলিটেকনিক ইনস্টিটিউট	TMED, MoE	৬০	৪০	১০০
টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহ (TSCs)	TMED, MoE	৪০	০	৪০
ইনস্টিটিউট অফ মেরিন টেকনোলজি (IMT)	MoEWOE	৫	০	৫
ইনস্টিটিউট অফ হেলথ টেকনোলজি (IHT)	MoHFW	১৫	১০	২৫
মেডিকেল অ্যাসিস্ট্যান্ট ট্রেনিং স্কুল (MATS)	MoHFW	১১	১০	২১
নার্সিং কলেজ/ইনস্টিটিউট (ডিপ্লোমা লেভেল)	MoHFW	২০	৯	২৯
মোট		১৫১	৬৯	২২০

অগ্রগতি

১৫১টি সরকারি প্রতিষ্ঠানের বিপরীতে ১১৮টি সরকারি প্রতিষ্ঠানের নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। ৯৩টি সরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে ২০ লক্ষ টাকা করে মোট ১ কোটি ৮৬ লক্ষ টাকা এবং ২৫ টি সরকারি স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানে ১৩ লক্ষ টাকা করে মোট ৩ কোটি ২৫ লক্ষ টাকা অর্থ ছাড় করা হয়েছে। এ অর্থ ব্যয়ের জন্য বিভিন্ন প্রস্তাব ও ক্রয় পরিকল্পনা অনুমোদনের কার্যক্রম চলমান রয়েছে। শিক্ষক/কর্মকর্তাগণের জন্য বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ৬৯টি বেসরকারি প্রতিষ্ঠানের বিপরীতে ২৪টি প্রতিষ্ঠানকে প্রাথমিক পর্যায়ে নির্বাচন করা হয়েছে। প্রকল্পে নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের শিক্ষক/কর্মকর্তাগণের জন্য বৈদেশিক প্রশিক্ষণের বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে।

উপ-কম্পোনেন্ট ১.২ : অগ্রাধিকারভুক্তখাতসমূহে বাজার-চাহিদা অনুযায়ী স্বল্পমেয়াদি প্রশিক্ষণ কার্যক্রম (Expanding market-demanded and inclusive formal short-courses for priority sectors)

এই উপ-কম্পোনেন্টের আওতায় জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত সরকারি-বেসরকারি ১৩৪টি প্রতিষ্ঠানে ৩৬০ ঘণ্টা মেয়াদি বা কম্পিউটেন্সি স্ট্যান্ডার্ড অনুযায়ী যুগোপযোগী উচ্চ চাহিদা আছে এমন সংক্ষিপ্ত কোর্সের মাধ্যমে প্রায় ২ লক্ষ প্রশিক্ষণ প্রদান করা হবে। বিনামূল্যে একজন বেকার এ প্রশিক্ষণ গ্রহণ করতে পারবে। আবার নিয়মিত উপস্থিতি সাপেক্ষে সাধারণ প্রশিক্ষণার্থীগণকে প্রতিমাসে ১৫০০ টাকা করে এবং নারী, প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রশিক্ষণার্থীবৃন্দ প্রতিমাসে ২০০০ টাকা করে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে। এছাড়াও প্রশিক্ষণার্থীদের যাতায়াত ভাতা হিসেবে দৈনিক ৮০ টাকা করে মাসিক সর্বোচ্চ ১৭৬০ টাকা এবং সর্বমোট সর্বোচ্চ ৩৭৬০ টাকা প্রদান করা হবে। সকল প্রশিক্ষণ কার্যক্রম ফেসিয়াল রিকগনিশন ক্যামেরা এবং বায়োমেট্রিক হাজিরার মাধ্যমে সম্পন্ন করা হবে। একজন প্রশিক্ষণার্থী একই কোর্সের উচ্চতর প্রশিক্ষণ নিতে পারবে তবে একাধিক কোর্স বা অকুপেশনে প্রশিক্ষণ নিতে পারবে না। সকল ধরনের সম্মানী ও প্রশিক্ষণ ভাতা ব্যাংকিং চ্যানেলে বা মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে সম্পন্ন করা হবে।

ডিপ্লোমা প্রতিষ্ঠানের প্রকার	সম্পর্কিত মন্ত্রণালয়	প্রতিষ্ঠানের সংখ্যা (সম্ভাব্য)		
		সরকারি	বেসরকারি	মোট
কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহ (TTC)	MoEWOE	৪০	-	৬০
টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজসমূহ (TSC), ন্যাশনাল একাডেমি ফর কম্পিউটার ট্রেনিং এবং রিসার্চ (NACTAR),	TMED	৫০	৪০	৯০
শিল্প ভিত্তিক প্রশিক্ষণ ইনস্টিটিউট (BITAC/SCITI/ TICI/ NPO)	MoI	৮	০	৪
	মোট	৯৪	৪০	১৩৪

অগ্রগতি

৯৪টি সরকারি প্রতিষ্ঠানের বিপরীতে ৮৬ টি সরকারি কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। ৮১টি সরকারি কারিগরি প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানে প্রথম ব্যাচের প্রশিক্ষণ একযোগে গত ১৪ জানুয়ারি ২০২৪ খ্রি. তারিখ শুরু হয়ে চলমান রয়েছে। এতে প্রায় ৮০০০ জন প্রশিক্ষণ গ্রহণ করছে। খুব শীঘ্রই প্রথম কিস্তির টাকা প্রায় ১৩ কোটি টাকা ছাড় করা হবে। ৪০টি বেসরকারি প্রতিষ্ঠানের বিপরীতে ৩০টি প্রতিষ্ঠানকে প্রাথমিক পর্যায়ে নির্বাচন করা হয়েছে। শীঘ্রই চূড়ান্ত চুক্তি স্বাক্ষর করা হবে।

উপ-কম্পোনেন্ট ১.৩ : আন্তর্জাতিক মানের মডেল পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন (Establishing an International Standard Model Polytechnic Institute)

উপ-কম্পোনেন্টের মাধ্যমে একটি আন্তর্জাতিক মানের মডেল পলিটেকনিক স্থাপন করা হবে। এই প্রতিষ্ঠানে দেশি-বিদেশি প্রশিক্ষণার্থী পড়াশুনার সুযোগ পাবে। বিভিন্ন দেশের সাথে মিউচুয়াল রিকগনিশনের মাধ্যমে ক্রেডিট ট্রান্সফারের মত সুযোগ থাকবে। উন্নত দেশের শিক্ষক ও ব্যবস্থাপনায় শিক্ষা কার্যক্রম শুরু হয়ে BOOT (Build Operate Own Transfer) মোডে প্রতিষ্ঠানটিতে একসময় বিশ্বমানের দেশীয় শিক্ষক দ্বারা পরিচালিত হবে। দেশের কারিগরি শিক্ষার মান উন্নীত হবে বিশ্বমানে। সিঙ্গাপুরের নানিয়াং পলিটেকনিক ইন্টারন্যাশনালের কারিগরি সহায়তায় প্রতিষ্ঠানের জন্য টেকনোলজি, সিলেবাস, ল্যাব ডিজাইন বিষয়ক পরামর্শ নেয়া হবে। পরিচালনা পর্ষদ দ্বারা পরিচালিত এই প্রতিষ্ঠানের প্রাথমিক কার্যক্রম সরকারের বিভিন্ন কর্মকর্তা-শিক্ষকগণকে শ্রেণে বা সংযুক্তি দিয়ে নিজ ক্যাম্পাসে বা ভাড়া করা ক্যাম্পাসে এ কার্যক্রম চালানো হতে পারে। পলিটেকনিক ইনস্টিটিউটের বিশেষ শিক্ষকপুলকে এ প্রতিষ্ঠানের জন্য বিদেশে বিশেষ মেয়াদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হতে পারে।

অগ্রগতি

গাজিপুরে একটি জমি অধিগ্রহণের কার্যক্রম চলমান রয়েছে। মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কার্যক্রম চলমান রয়েছে।

উপ-কম্পোনেন্ট ১.৪ : TVET সেক্টরে স্থিতি তৈরি করতে COVID-১৯ এর বিপরীতে করণীয় কার্যক্রম (COVID-19 response actions to build resilience in the TVET Sector)

শিক্ষার ধারাবাহিকতা রক্ষা এবং পুনঃচালুর প্রস্তুতি নিশ্চিত করতে TVET সেক্টরের স্থিতিশীলতা বর্ধনে এই উপাংশটি ডিপ্লোমা-প্রদানকারী প্রতিষ্ঠান এবং DTE/BTEB কে সহায়তা করবে। এই উপাংশটি নিম্ন উপায়ে ৪জি কানেক্টিভিটি, ডিভাইসের খরচ বহনে অক্ষম শিক্ষার্থীদের জন্য মোবাইল ইন্টারনেট কানেক্টিভিটিসহ ডিজিটাল ডিভাইস (ট্যাবলেট), ডিপ্লোমা কোর্সের অনলাইন/মিশ্র ক্লাস চালু করার জন্য বিষয়বস্তু (কন্টেন্ট) সমৃদ্ধকরণের পাশাপাশি মহামারির প্রভাবে বাদ পড়া রোধ করবে এমন প্রচারণাও চালানো হবে।

অগ্রগতি

ক্যাম্পাস নেটওয়ার্ক স্থাপনের জন্য BdREN এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। চুক্তির আওতায় প্রাথমিক নির্বাচিত কারিগরি প্রশিক্ষণ পর্যায়ের সমীক্ষা চলমান রয়েছে।

উপ-কম্পোনেন্ট ২.১: এন্টারপ্রাইজ ভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম (Expanding enterprise-based training for competitiveness and inclusiveness)

এ উপাংশের আওতায় মোট ২ লক্ষ ২২ হাজার ৫০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে। এ প্রশিক্ষণের আওতায় শিল্প শিল্পকারখানার মালিক, শিল্পকারখানার উচ্চ পর্যায়ের কর্মকর্তা, ব্যবস্থাপকগণের সক্ষমতা বৃদ্ধিসহ কর্মসংস্থানের জন্য বেকার ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকেও বিভিন্ন মেয়াদে ছয় ধরনের প্রশিক্ষণ প্রদান করা হবে। এন্টারপ্রাইজ ভিত্তিক প্রশিক্ষণের অন্যতম একটি উদ্দেশ্য হলো ইন্ডাস্ট্রি-ইনস্টিটিউট লিংকেজ বৃদ্ধিকরণ। এ সকল প্রশিক্ষণ ইন্ডাস্ট্রি পার্টনার কর্তৃক সম্পন্ন করা হবে। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) কর্তৃক অনুমোদিত অগ্রাধিকারভুক্ত শিল্প দক্ষতা পরিষদ (ISC) এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত অন্যান্য সংস্থা বা অ্যাসোসিয়েশন ইন্ডাস্ট্রি পার্টনার হিসেবে বিবেচিত হবে। ইন্ডাস্ট্রি পার্টনারের সাথে সরাসরি পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ (PPP) চুক্তির মাধ্যমে শিল্পপ্রতিষ্ঠান ধর্মী এন্টারপ্রাইজ ভিত্তিক প্রশিক্ষণসমূহ সম্পন্ন হবে। বিনামূল্যে একজন বেকার এ প্রশিক্ষণ গ্রহণ করতে পারবে। আবার নিয়মিত উপস্থিতি সাপেক্ষে সাধারণ প্রশিক্ষণার্থীগণকে প্রতিমাসে ১৫০০ টাকা এবং নারী, প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রশিক্ষণার্থীবৃন্দ প্রতিমাসে ২০০০ টাকা প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে। এছাড়াও যাতায়াত ভাতা হিসেবে দৈনিক ৮০ টাকা করে মাসিক সর্বোচ্চ ১৭৬০ টাকা এবং সর্বমোট সর্বোচ্চ ৩৭৬০ টাকা প্রদান করা হবে। প্রশিক্ষণ শেষে কম্পিউটেন্ট হওয়া সাপেক্ষে এ ভাতাসমূহ প্রদান করা হবে। সকল প্রশিক্ষণ কার্যক্রম ফেসিয়াল রিকগনিশন ক্যামেরা এবং বায়োমেট্রিক হাজারির মাধ্যমে মনিটর করা হবে। একজন প্রশিক্ষণার্থী একই কোর্সের উচ্চতর প্রশিক্ষণ নিতে পারবেন তবে একাধিক কোর্স বা অকুপেশনে প্রশিক্ষণ নিতে পারবেন না। সকল ধরনের সম্মানী ও প্রশিক্ষণ ভাতা ব্যাংকিং চ্যানেলে বা মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে প্রদান করা হবে।

অগ্রগতি

বিভিন্ন ইন্ডাস্ট্রি পার্টনারগণ কর্তৃক দাখিলকৃত মোট ৪৫টি স্কিলস ডেভেলপমেন্ট প্রপোজাল (SDP) এর যাচাই বাছাই কার্যক্রম চলমান রয়েছে। প্রায় ৪০টি প্রতিষ্ঠানের সরেজমিন পরিদর্শন সম্পন্ন হয়েছে খুব শীঘ্রই সকল প্রতিষ্ঠানের সরেজমিন পরিদর্শন সম্পন্ন করে প্রাথমিক মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন হবে।

উপ-কম্পোনেন্ট ২.২: পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি ও সনদায়ন কার্যক্রম (Recognizing the skills of informal sector workers)

RPL (Recognition of Prior Learning) এর আওতায় প্রাতিষ্ঠানিক স্বীকৃতি নেই কিন্তু বিশেষ কারিগরি দক্ষতা রয়েছে এমন ইনফরমাল সেক্টরের কর্মজীবীদেরকে ফরমাল ওয়ার্কফোর্সে আনার জন্য দুইদিন ব্যাপী ওরিয়েন্টেশন ক্লাস শেষে তৃতীয় দিনে বিশেষ অ্যাসেসমেন্টের মাধ্যমে প্রায় ১ লক্ষ ২৩ হাজার জনকে এই কার্যক্রমের মাধ্যমে বিনামূল্যে সনদায়ন করা হবে। বিনামূল্যে একজন বেকার এ প্রশিক্ষণ গ্রহণ করতে পারবে। এছাড়া ১ হাজার টাকা প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে। এছাড়াও প্রায় ৮ হাজার Assessor তৈরি করা হবে।

অগ্রগতি

সরকারি ৭০ টি কারিগরি প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ৯৪টি বেসরকারি প্রতিষ্ঠানকে প্রাথমিকভাবে মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য সুপারিশ করা হয়েছে। অবশিষ্ট বেসরকারি প্রতিষ্ঠানের যাচাই-বাছাই ও সরেজমিন পরিদর্শনের কার্যক্রম চলমান রয়েছে।

উপ-কম্পোনেন্ট ৩.১ : দক্ষতা উন্নয়ন ব্যবস্থাপনার আওতায় কেন্দ্রীয় সরকারি সংস্থাগুলির প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি (Enhancing the Institutional Capacity of Central Government Agencies of the Skills Development System)

এই উপাংশটি প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাগুলোর প্রাতিষ্ঠানিক ক্ষমতাকে শক্তিশালী করবে। প্রকল্প বাস্তবায়ন সহযোগীগণের (Co-Implementing Agency) সক্ষমতা বৃদ্ধির জন্য দেশে-বিদেশে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান করা হবে। DTE-এর বিদ্যমান ভবনটি ৮ তলা বিশিষ্ট। এটিকে আরও ৪ তলা উপরের দিকে সম্প্রসারণ করা হবে। ভবনের বিভিন্ন সংস্কার ও সৌন্দর্য বৃদ্ধির কার্যক্রম ও বাস্তবায়ন করা হবে।

অগ্রগতি

ইতোমধ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরের কিছু সংস্কার ও সৌন্দর্য বর্ধন কার্যক্রম সম্পন্ন হয়েছে। কিছু সংস্কার কার্যক্রম চলমান রয়েছে। DTE-এর বিদ্যমান ভবনের আরও ৪টি তলার উর্ধ্বমুখী সম্প্রসারণের দরপত্র মূল্যায়ন সম্পন্ন হয়েছে। প্রায় ৯৪০ জন শিক্ষক/কর্মকর্তাকে বিভিন্ন ওকুপেশনে বিভিন্ন স্কিলস লেভেলে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। কারিগরি শিক্ষার ১০০ জন শিক্ষকের বিদেশ প্রশিক্ষণের জন্য সিঙ্গাপুরের নানিয়াং পলিটেকনিক ইন্টারন্যাশনালের সাথে একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। আবার বৈদেশিক প্রশিক্ষণ আয়োজনের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

উপ-কম্পোনেন্ট ৩.২: প্রকল্প ব্যবস্থাপনা, সামাজিক বিপণন, পর্যবেক্ষণ ও মূল্যায়ন (Project Management, Social Marketing, M&E)

প্রকল্প ব্যবস্থাপনা

সহযোগী বাস্তবায়নকারী সংস্থার কর্মচারীর প্রেক্ষাগে DTE-তে প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট (PMU) প্রতিষ্ঠিত হবে। সমস্ত অংশগ্রহণকারী সংস্থা এবং NSDA, PSC এবং PIC-তে প্রতিনিধিত্ব করবে। প্রয়োজনে সরাসরি নিয়োগকৃত কর্মী এবং কারিগরি বিশেষজ্ঞও মোতায়েন করা হবে।

সামাজিক বিপণন

এই কার্যক্রমের লক্ষ্য হবে কারিগরি শিক্ষা সম্পর্কে সামাজিক দৃষ্টিভঙ্গি পরিবর্তন এবং দক্ষতা সম্পর্কে সচেতনতার বিকাশ, বিশেষ করে নারী ও সুবিধাবঞ্চিত গোষ্ঠীর জন্য কারিগরি শিক্ষাকে সহজলভ্য করা। প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়র সাহায্যে কারিগরি শিক্ষাকে বিশেষায়িত জনগণের দুর্গম এলাকার জনগোষ্ঠীর কাছে পৌঁছানোর জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হবে। কারিগরি শিক্ষার জনপ্রিয়তা বৃদ্ধিতে বিভিন্ন অংশীজনের জন্য জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কর্মশালা/সেমিনার/কনফারেন্স আয়োজন করা হচ্ছে। এছাড়া রেডিও, টেলিভিশন ও পত্রিকায় বিজ্ঞাপন প্রচার, বিল-বোর্ড স্থাপন, পোস্টার-লিফটেল বিতরণ, ডকুমেন্টারি নির্মাণ, টিভি টকশো আয়োজন, টিভি/রেডিও ফিল্মার নির্মাণ, রেডিও প্রোগ্রাম সম্প্রচার, গান/নাটক/নাটিকা ও ফিল্মার পরিবেশন, পোস্টার, পুস্তিকা, প্রচারপত্র, ম্যাগাজিন, সাময়িকী, স্টিকার মুদ্রণ ও বিতরণসহ ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

স্কিলস কম্পিটিশন

প্রকল্পের আওতায় প্রতিবছর আয়োজিত হচ্ছে কারিগরি শিক্ষার একমাত্র মেধা ও উদ্ভাবনী শক্তি বিকাশের এই প্রতিযোগিতা। প্রতিযোগিতাটি তিনটি পর্যায়ে আয়োজিত হয়-প্রাতিষ্ঠানিক পর্যায়, আঞ্চলিক পর্যায় ও জাতীয় পর্যায়। শিক্ষার্থীবৃন্দ একক বা দলগতভাবে (সর্বোচ্চ ৩ জন) এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারে। সারাদেশে একযোগে মহা আড়ম্বরে প্রাতিষ্ঠানিক পর্বের এ প্রতিযোগিতাটি আয়োজিত হয়। প্রাতিষ্ঠানিক পর্বের সেরা তিনটি করে প্রকল্প নিয়ে আঞ্চলিক পর্বের প্রতিযোগিতাটি আয়োজিত হয়। আঞ্চলিক পর্বের আয়োজনে একটি বর্ণাঢ্য র্যালি ও একটি সচেতনতাবৃদ্ধিমূলক সেমিনার আয়োজন করা হয়। সেমিনারে আমন্ত্রণ জানানো হয় প্রত্যন্ত অঞ্চলসহ প্রায় তিনশত হাইস্কুল ও মাদ্রাসার প্রধানগণকে। পাশাপাশি প্রতিযোগিতার স্টলগুলো উন্মুক্ত থাকে সাধারণ দর্শকদের জন্য। দেশের সকল অঞ্চলের সেরা ৫০-১০০ টি উদ্ভাবন নিয়ে আয়োজিত হবে জাতীয় পর্যায়ের স্কিলস কম্পিটিশন। জাতীয় পর্যায়ের স্কিলস কম্পিটিশনেও একটি বর্ণাঢ্য র্যালি ও সেমিনারে আয়োজন করা হয়। সেরা প্রতিযোগীদের হাতে তুলে দেয়া হয় আকর্ষণীয় পুরস্কার। বাণিজ্যিকভাবে বাজারজাত করার উপযোগী উদ্ভাবনগুলোর জন্য প্যাটেন্ট গ্রহণ কার্যক্রমসহ বাণিজ্যিকীকরণের জন্য বিভিন্ন ভেঞ্চার গ্রুপের পাশাপাশি প্রকল্প দপ্তর থেকেও সিড ফান্ডিং করা হয়ে থাকে।

অগ্রগতি

দুটি টিভিসি নির্মাণ করা হয়েছে। ৩টি ডিসেমিনেশন সেমিনার আয়োজিত হয়েছে। একটি প্রচার পত্র তৈরি করা হয়েছে। স্কিলস কম্পিটিশন ২০২৩ এর কার্যক্রম চলমান রয়েছে। ক্যালেন্ডার, ডায়েরি, মগ, জুট ব্যাগসহ, প্যাড, পেন, ফোল্ডার ইত্যাদি কমিউনিকেশন ম্যাটেরিয়াল প্রস্তুতের কার্যক্রম চলমান রয়েছে।

পর্যবেক্ষণ ও মূল্যায়ন (M&E)

প্রকল্পটি বাস্তবায়নের অগ্রগতি পর্যবেক্ষণের জন্য সমস্ত প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার কাছ থেকে নিয়মিত তথ্য সংগ্রহ করা।

কম্পোনেন্ট ৪: তাৎক্ষণিক জরুরি কর্মসম্পাদন (Contingent Emergency Response Component) তাৎক্ষণিক জরুরিভিত্তিক কর্মসম্পাদন অংশটি প্রকল্পের অধীনে জরুরি সাহায্যের পরিস্থিতির জন্য প্রস্তুত রাখার জন্য অন্তর্ভুক্ত করা হয়েছে। একটি যথার্থ সংকট বা জরুরি পরিস্থিতিতে, যদি ব্যাংক সহমত হয়, প্রকল্পটি উল্লেখিত সংকট বা জরুরি অবস্থার জন্য একটি তাৎক্ষণিক এবং কার্যকর প্রতিক্রিয়া প্রদর্শনে অবদান রাখবে। এটি ভবিষ্যতের প্রাকৃতিক বা মনুষ্যসৃষ্ট বিপর্যয় বা সংকটের ক্ষেত্রে প্রকল্পের আয়ের দ্রুত পুনর্নির্ধারণের অনুমতি দেবে যা প্রকল্পের জীবনকালে একটি বড় প্রতিকূল অর্থনৈতিক এবং/অথবা সামাজিক প্রভাব সৃষ্টি করেছে বা হতে পারে।

- প্রকৌঃ রবীন্দ্রনাথ মাহাত

একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবেলা এবং রূপকল্প ২০৪১ অর্জনে দেশের বিশাল জনসংখ্যাকে জনশক্তিতে রূপান্তর করতে সরকার অঙ্গীকারবদ্ধ। এ লক্ষ্য অর্জনে বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের বিশাল জনগোষ্ঠীর দক্ষতা বৃদ্ধি ও জীবনভিত্তিক শিক্ষার উপর বিশেষ গুরুত্ব দিয়েছেন। দক্ষতা বৃদ্ধির অন্যতম হাতিয়ার কারিগরি ও প্রযুক্তিগত শিক্ষা। এ শিক্ষার প্রসারে বিগত বছরগুলোতে কারিগরি শিক্ষাবিষয়ক ব্যাপক প্রচার-প্রচারণা কর্মসূচি বাস্তবায়িত হয়েছে। এর মধ্যে অন্যতম একটি কার্যক্রম স্কিলস ও ইনোভেশন কম্পিটিশন। সরকার ২০৩০ সালের মধ্যে দেশে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় ভর্তির হার ৩০ ভাগে উন্নীত করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে ২০৪১ সালের মধ্যে ৫০ ভাগ। কারিগরি শিক্ষার প্রচার প্রচারণা এখন সময়ের দাবি। এ লক্ষ্য বাস্তবায়নে অ্যাকসেলারেটিং অ্যান্ড স্ট্রেনদেনিং স্কিলস ফর ইকনমিক ট্রান্সফরমেশন (ASSET) প্রকল্পের আওতায় বিভিন্ন কার্যক্রম হাতে নেয়া হয়েছে। কারিগরি শিক্ষার জনপ্রিয়তা বৃদ্ধি ও প্রচারণার জন্য কারিগরি শিক্ষার্থীদের নিয়ে একটি Skills and Innovation Competition (উদ্ভাবনী ও ইনোভেশন প্রতিযোগিতা) আয়োজন করা হবে। এ প্রতিযোগিতার মাধ্যমে দেশের কারিগরি শিক্ষার্থীদের মেধা ও উদ্ভাবনী শক্তির বিকাশ ঘটবে। এ আয়োজন স্থানীয় প্রশাসন, মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসা ছাত্রছাত্রীসহ তাদের অভিভাবক, শিক্ষক-কর্মকর্তা, শিল্পকারখানার মালিক, ব্যবসায়ী, সুশীল সমাজ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিদের মাঝে ব্যাপক সাড়া ফেলেছে।

কারিগরি শিক্ষাক্ষেত্রে শিক্ষার্থীরা প্রতিনিয়ত কিছু না কিছু আবিষ্কার ও উদ্ভাবন করে যাচ্ছে। এই প্রতিযোগিতায় ছাত্র-ছাত্রীদের আবিষ্কার ও উদ্ভাবন দেশের মানুষের মাঝে ভুলে ধরা হয়। এর ফলে ছাত্র-ছাত্রীরা নূতন নূতন আবিষ্কার ও উদ্ভাবনে উৎসাহিত হয়। আশা করা হচ্ছে, এই প্রতিযোগিতার মাধ্যমে ছাত্র-ছাত্রীদের সুগুণ উদ্ভাবনী প্রতিভার বিকাশ ঘটবে এবং তাদের এই আবিষ্কার/উদ্ভাবন দেশ ও জাতির উপকারে আসবে।

প্রতিযোগিতাটি তিনটি পর্বে আয়োজিত হবে- প্রাতিষ্ঠানিক পর্যায়ে, আঞ্চলিক পর্যায়ে ও জাতীয় পর্যায়ে। আঞ্চলিক পর্বের প্রতিযোগিতা আয়োজনের সুবিধার্থে সারাদেশকে ৮টি অঞ্চলে ভাগ করা হয়েছে। প্রত্যেক অঞ্চল থেকে প্রকল্পের আওতায় গ্রান্ট প্রাপ্ত একটি প্রতিষ্ঠান এ প্রতিযোগিতা আয়োজনে দায়িত্ব পালন/সহযোগিতা করবে। এ পর্ব থেকে সেরা ৫২-১০০টি উদ্ভাবনী প্রকল্প চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্বাচিত হবে।

আঞ্চলিক পর্বের প্রতিযোগিতা উপলক্ষ্যে সবগুলো অঞ্চলে প্রতিযোগিতার দিন একটি বর্ণাঢ্য র্যালি ও কারিগরি শিক্ষার গুরুত্ব বিষয়ক একটি সেমিনার অনুষ্ঠিত হয়। এতে সরকারের উর্ধ্বতন কর্মকর্তা, বুদ্ধিজীবী, শিক্ষক, শিল্পকারখানার উদ্যোক্তা, গণমাধ্যমকর্মী ও শিক্ষার্থীসহ সমাজের বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ উপস্থিত থাকেন।

স্কিলস কম্পিটিশনের চূড়ান্ত প্রতিযোগিতা বা জাতীয় পর্ব ঢাকায় অনুষ্ঠিত হবে। প্রতিবছর চূড়ান্ত প্রতিযোগিতার দিন একটি বর্ণাঢ্য র্যালি এবং প্রতিযোগিতার ভেন্যুতে কারিগরি শিক্ষা বিষয়ক একটি সেমিনার অনুষ্ঠিত হবে। লাগসই উদ্ভাবনী প্রকল্পের বাণিজ্যিক উৎপাদন ও বাজারজাতকরণে তাৎক্ষণিকভাবে সহযোগিতা প্রদানের জন্য দেশের বিশিষ্ট শিল্পপতিগণ চূড়ান্ত প্রতিযোগিতায় সরাসরি উপস্থিত থাকেন। একইসাথে মেধাস্বত্ব অধিকার লাভে প্রয়োজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় সহায়তা প্রদানের লক্ষ্যে প্রকল্প দপ্তর থেকে বিশেষ উদ্যোগ নেয়া হয়।

এছাড়া স্কিলস কম্পিটিশনের চূড়ান্ত পর্বের প্রতিযোগিতায় বিভিন্ন মন্ত্রণালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, এনএসডিএ, প্রকল্পের উন্নয়ন সহযোগী সংস্থা, শিল্প-কলকারখানার কর্মকর্তা এবং নির্বাচিত সরকারি ও বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউটসমূহের অধ্যক্ষ, শিক্ষক ও শিক্ষার্থী, আয়োজক কমিটি ও মূল্যায়ন কমিটিসমূহের সদস্য এবং গণমাধ্যমকর্মীসহ সর্বস্তরের জনসাধারণ উপস্থিত থাকেন।

এ বছর স্কিলস কম্পিটিশনের প্রাতিষ্ঠানিক পর্ব দেশব্যাপী ১২০টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে একযোগে ১৭ জুন ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়। এ পর্বে প্রায় ৫৫৫০ জন শিক্ষার্থী মোট ১৮৫০টি প্রকল্প/উদ্ভাবন উপস্থাপন করে। প্রকল্প/উদ্ভাবনগুলো থেকে ৩৬০টি প্রকল্প/উদ্ভাবন দেশ ও সময়ের চাহিদা বিবেচনায় রেখে আঞ্চলিক পর্বে প্রদর্শনের জন্য নির্বাচন করা হয়।

আঞ্চলিক স্কিলস ও ইনোভেশন কম্পিটিশন ২০২৩ এর সিলেট অঞ্চলের স্কিলস কম্পিটিশন গত ২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়। এতে শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, কারিগরি শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ও প্রকল্পের কর্মকর্তাবৃন্দ, স্থানীয় জনপ্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তিবর্গ, গণমাধ্যমের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

আঞ্চলিক পর্বে প্রদর্শিত প্রকল্প/উদ্ভাবন থেকে ৫০-১০০টি প্রকল্প নিয়ে ঢাকায় আয়োজিত জাতীয় পর্বের প্রতিযোগিতায় মূল্যায়নের জন্য উপস্থাপন করা হবে। অত্যন্ত সময়োপযোগী ও জনপ্রিয় এ প্রতিযোগিতাটি প্রকল্প মেয়াদের পরেও দীর্ঘদিন চলমান থাকবে-সংশ্লিষ্ট সকলের এটাই প্রত্যাশা।

বাড়িতে বিদ্যুৎ সরবরাহের সংকট ও সমাধান

উদ্ভাবকের নাম: তালুদ বিন সাইফুল্লাহ, মোঃ আদনান ও সারা হ সুলতানা।

প্রতিষ্ঠানের নাম: বাগেরহাট সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ।

প্রকল্পের বিবরণ: একটি বাড়িতে বিদ্যুৎ বিভ্রাট বিভিন্ন কারণে ঘটতে পারে, যেমন পাওয়ার গ্রিড ব্যর্থতা, প্রাকৃতিক দুর্যোগ, অপরিষ্কৃত অবকাঠামো, বা চাহিদা সরবরাহের চেয়ে বেশি। এই ধরনের সংকটের পরিণতি ব্ল্যাকআউট, ব্রাউনআউট। হোম পাওয়ার সাপ্লাই সংকট মোকাবেলা করার জন্য বেশ কয়েকটি সমাধান হতে পারে।

উদ্দেশ্য ও ব্যবহার: বাড়ির বিদ্যুৎ সরবরাহ সম্পর্কিত সংকট চ্যালেঞ্জ মোকাবেলা করা।

সুবিধা ও উপকারিতা: বাড়িতে বিদ্যুৎ সরবরাহ সংকট কমানো যেতে পারে।

ব্যবহৃত যন্ত্রপাতি/উপকরণ: ব্যাকআপ জেনারেটর, নিরবচ্ছিন্ন পাওয়ার সাপ্লাই, সৌর প্যানেল, ব্যাটারি ইত্যাদি।

প্রয়োজনীয় অর্থ ও সময়: ৩০০০ টাকা ও ২ দিন।

বাণিজ্যিকীকরণের উপযোগিতা: আছে।



সোলার প্যানেল দিয়ে এসি ২২০ ভোল্টেজ তৈরি করা

উদ্ভাবকের নাম: শাওন শেখ, ফারহান সাদিক ফাহিম ও জোতি মিত্তী।

প্রতিষ্ঠানের নাম: বাগেরহাট সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ।

প্রকল্পের বিবরণ: সৌর প্যানেলসহ AC ২২০ ভোল্টেজ কারেন্ট তৈরি করা জড়িত বিভিন্ন উপাদান এবং একটি নির্দিষ্ট সেটআপ। এখানে একটি সাধারণ ওভারভিউ আছে।

ফটোভোলটাইক (wcvf) সোলার প্যানেলগুলি উপযুক্ত জায়গায় ইনস্টল করুন যথেষ্ট সূর্যালোক এক্সপোজার সঙ্গে অবস্থান. প্যানেলের সংখ্যা হবে আপনার শক্তি প্রয়োজনীয়তা এবং এর দক্ষতার উপর নির্ভর করে প্যানেল সৌর বৈদ্যুতিক সংকেতের মেরু বদল: সোলার প্যানেল গুলিকে একটি সৌর বৈদ্যুতিক সংকেতের মেরু বদল করার সাথে সংযুক্ত করুন। দ্য বৈদ্যুতিক সংকেতের মেরু বদল ডাইরেক্ট কারেন্ট (wWwm) রূপান্তরের জন্য দায়ী সৌর প্যানেল দ্বারা উতপাদিত বিকল্প বর্তমান

(AC) উপযুক্ত পরিবারের ব্যবহারের জন্য। হ্যাভেল করতে পারে এমন একটি বৈদ্যুতিক সংকেতের মেরু বদল নির্বাচন করতে ভুলবেন না।

উদ্দেশ্য ও ব্যবহার: সৌর বিদ্যুৎ থেকে ২২০V উৎপন্ন করা।

সুবিধা ও উপকারিতা: সৌরশক্তি একটি নবায়ন যোগ্য শক্তি যা সূর্যের শক্তির উপর নির্ভর করে এবং অবাধে পাওয়া যায় ব্যবহৃত

যন্ত্রপাতি/উপকরণ: সোলার প্যানেল, সৌর বৈদ্যুতিক সংকেতের মেরুদল, মাউন্টিং স্ট্রাকচার, ব্যাটারি, তার ইত্যাদি।

প্রয়োজনীয় অর্থ ও সময়: প্রয়োজনীয় অর্থ-৮৫০০ ও সময় ১ দিন।

বাণিজ্যিকীকরণের উপযোগিতা: সৌর প্যানেল সহ AC ২২০ ভোল্ট বিদ্যুৎ উৎপাদনের বাণিজ্যিক উপযোগিতা খুবই উপযোগী এবং ব্যবসার জন্য বিভিন্ন সুবিধা প্রদান করে।



বৃষ্টির অ্যালার্ম

উদ্ভাবকের নাম: জীম আজার মিতু, ফারহানা ফেরদৌসী ও মরিয়ম আজার ময়না।

প্রতিষ্ঠানের নাম: বাগেরহাট সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ

প্রকল্পের বিবরণ: রেইন অ্যালার্ম প্রজেক্ট একটি সহজ কিন্তু খুব দরকারী প্রকল্প যা বৃষ্টি হলেই অ্যালার্ম দেবে, যাতে আমরা তৈরি করতে পারি বৃষ্টির জল সংগ্রহের জন্য কিছু পদক্ষেপ নিতে পারি। এবং বৃষ্টির সম্ভাব্য ক্ষতির হাত থেকে নিজেদের রক্ষা করতে পারি।

উদ্দেশ্য ও ব্যবহার: কখন বৃষ্টি হবে তা জানতে পারলে বৃষ্টির ক্ষতির হাত থেকে রক্ষা পাওয়া যাবে।

সুবিধা ও উপকারিতা: বৃষ্টি ক্ষতির হাত থেকে রক্ষা পাওয়া এবং বৃষ্টির পানি পরবর্তী ব্যবহারের জন্য সংরক্ষণ করা।

ব্যবহৃত যন্ত্রপাতি/উপকরণ: লাইট, সুইচ, তার, র্লেড, ব্যাটারি।

প্রয়োজনীয় অর্থ ও সময়: ৫০০ টাকা ও ১ দিন।

বাণিজ্যিকীকরণের উপযোগিতা: পরীক্ষা নিরীক্ষা করে উপযোগিতা যাচাই করে বাণিজ্যিকীকরণ করা যাবে।



মিনি ওয়াটার পাওয়ার

উদ্ভাবকের নাম: মোঃ রনি ইসলাম, মোঃ সাজিদ হোসেন ও মোঃ আল আমিন।

প্রতিষ্ঠানের নাম: হোসেনাবাদ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ।

প্রকল্পের বিবরণ: ইনলাইন পাওয়ার: এগুলো পানির বাইরে ব্যবহার করা হয়। এগুলি প্রায়ই ডুবো পাম্পের চেয়ে বেশি শক্তিশালী এবং বড় অ্যাপ্লিকেশনের জন্য ব্যবহৃত হয়। ডায়াফ্রাম পাম্প: এগুলি প্রায়শই মিস্টিং, স্প্রে করা বা এমন অ্যাপ্লিকেশনের জন্য ব্যবহৃত হয় যার জন্য অবিরাম জল প্রবাহের প্রয়োজন হয় না। পেরিস্টালটিক শক্তি এগুলি পরীক্ষাগারে তরল পদার্থের সুনির্দিষ্ট ডোজ বা স্থানান্তর বা হাইড্রোপনিক পুষ্টি সরবরাহের জন্য ব্যবহৃত হয়।

ব্যবহৃত যন্ত্রপাতি/উপকরণ: ডিসি মটর, সুইচ, সুপার গ্লু, ব্যাটারি, ক্যাবল, স্কেল, কাগজ

প্রয়োজনীয় অর্থ ও সময়: ৪৫০০ টাকা ও ৮ ঘণ্টা



মিনি উইন্ডমিল সার্কিট

উদ্ভাবকের নাম: সাব্বির আহমেদ, মোঃ সিয়াম আহমেদ ও মোঃ সোহান সরকার।

প্রতিষ্ঠানের নাম: হোসেনাবাদ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ।

প্রকল্পের বিবরণ: একটি মিনি উইন্ডমিল সার্কিট একটি ছোট-স্কেল ইলেকট্রনিক সার্কিটকে বোঝায় যা একটি মিনি উইন্ডমিলকে শক্তি বা নিয়ন্ত্রণ করতে ব্যবহৃত হয়। এই সার্কিটগুলি সাধারণত বায়ু দ্বারা উৎপন্ন শক্তি সংগ্রহ করার জন্য এবং এটিকে ব্যবহারযোগ্য বৈদ্যুতিক শক্তিতে রূপান্তর করার জন্য ডিজাইন করা হয়েছে। একটি মিনি উইন্ডমিল সার্কিটের প্রাথমিক উপাদানগুলির মধ্যে রয়েছে একটি ছোট উইন্ড টারবাইন বা উইন্ডমিল, একটি ভোল্টেজ রেগুলেটর বা চার্জ কন্ট্রোলার এবং একটি ব্যাটারি বা শক্তি সঞ্চয় করার ব্যবস্থা। উইন্ডমিল বাতাসের গতিশক্তি ধারণ করে এবং এটিকে ঘূর্ণন গতিতে রূপান্তরিত করে, যার ফলে বৈদ্যুতিক শক্তি উৎপন্ন হয়। ভোল্টেজ নিয়ন্ত্রক বা চার্জ কন্ট্রোলার নিশ্চিত করে যে উইন্ডমিল দ্বারা উতপন্ন শক্তি যথাযথভাবে নিয়ন্ত্রিত এবং পরবর্তী ব্যবহারের জন্য ব্যাটারি বা শক্তি সঞ্চয় ব্যবস্থায় সংরক্ষণ করা হয়।

ব্যবহৃত যন্ত্রপাতি/উপকরণ: ব্যাটারী ৯ ভোল্ট, মোটর, লাইট, সুইচ, ক্যাবল, রঙ্গিন কাগজ, ড্রইং সীট, গ্লুগান স্টিক

প্রয়োজনীয় অর্থ ও সময়: ৩০০০ টাকা ও ০৮ ঘন্টা



মিনি ওয়াটার পাওয়ার

উদ্ভাবকের নাম: মোঃ রনি ইসলাম, মোঃ সাজিদ হোসেন, মোঃ আল আমিন

প্রতিষ্ঠানের নাম: হোসেনাবাদ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ

প্রকল্পের বিবরণ: ইনলাইন পাওয়ার: এগুলো পানির বাইরে ব্যবহার করা হয়। এগুলি প্রায়ই ডুবো পাম্পের চেয়ে বেশি শক্তিশালী এবং বড় অ্যাপ্লিকেশনের জন্য ব্যবহৃত হয়। ডায়াফ্রাম পাম্প: এগুলি প্রায়শই মিস্টিং, স্প্রে করা বা এমন অ্যাপ্লিকেশনের জন্য ব্যবহৃত হয় যার জন্য অবিরাম জল প্রবাহের প্রয়োজন হয় না। পেরিস্টালটিক শক্তি এগুলি পরীক্ষাগারে তরল পদার্থের সুনির্দিষ্ট ডোজ বা স্থানান্তর বা হাইড্রোপনিক পুষ্টি সরবরাহের জন্য ব্যবহৃত হয়।

ব্যবহৃত যন্ত্রপাতি/উপকরণ: ডিসি মটর, সুইচ, সুপার গ্লু, ব্যাটারি, ক্যাবল, স্কেল, কাগজ

প্রয়োজনীয় অর্থ ও সময়: ৪৫০০ টাকা ও ৮ ঘন্টা



পাওয়ার অ্যাকুয়া ফ্লো

উদ্ভাবকের নাম: সাজ্জদ মজুমদার, শফিকুল ইসলাম রিহাব ও মো: জিহাদ হোসেন।

প্রতিষ্ঠানের নাম: ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি, বাগেরহাট।

